



অনলাইনে মনোনয়নপত্র দাখিলের সহায়ক নিয়মাবলী

৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪

নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে মনোনয়নপত্র দাখিল করিতে হইবে;

Online Nomination submission system (ONSS) ব্যবহার করে মনোনয়নপত্র পূরণ ও দাখিলের জন্য কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের ওয়েবসাইট (www.ecs.gov.bd) অথবা (<https://onss.ecs.gov.bd>) গিয়ে ‘অনলাইন মনোনয়নপত্র দাখিল’ লিংকে প্রবেশ করিয়া রেজিস্ট্রেশন করিতে পারিবেন, রেজিস্ট্রেশন সম্পন্ন হইবার পর পোর্টালে লগইন করিয়া মনোনয়নপত্র পূরণ ও দাখিল করিতে পারিবেন; এইক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:

অনলাইনে মনোনয়নপত্র দাখিলের নির্দেশাবলী এবং প্রক্রিয়া :

ক) অনলাইন মনোনয়ন পত্রপূরণ ও দাখিল করিবার উদ্দেশ্যে কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের পোর্টালের সংশ্লিষ্ট লিংকে প্রবেশ করিয়া তাহার জাতীয় পরিচয়পত্র নম্বর, নির্বাচনের ধরন, নির্বাচনের নাম পদের নাম, বিভাগ, জেলা, উপজেলা, জন্ম তারিখ, মোবাইল নম্বর ও ই-মেইল আইডি এন্ট্রি করিয়া রেজিস্ট্রেশন করিতে পারিবেন; রেজিস্ট্রেশন সম্পন্ন হইবার পর মোবাইল নম্বর বা ইমেইল এ ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাইবে;

খ) জাতীয় পরিচয় পত্রের বায়োমেট্রিক ফিচারে সংরক্ষিত মুখাবয়ব তথ্যের সহিত প্রার্থী, প্রস্তুতকারী ও সমর্থনকারীর চেহারা শনাক্তকরণ (facial recognition) করিতে হইবে;

গ) দফা (ক) অনুসারে প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করিয়া লগইন করিবার পর প্রার্থী চেয়ারম্যান পদের জন্য মনোনয়ন পত্র ফরম ক, ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-১ মহিলা ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-২ মহিলা সদস্য পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-৩ পাইবেন;

ঘ) কোন প্রার্থী পোর্টালে প্রবেশ করিয়া পর্যায়ক্রমে মনোনয়ন, ব্যক্তিগত তথ্যাদি ও হলফ নামা সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি করিবেন এবং উপ-বিধি (৩) এর অধীন প্রয়োজনীয় কাগজ পত্র (হলফনামা, আয়কর প্রদান সংক্রান্ত কাগজপত্র, প্রযোজ্য ক্ষেত্রে, নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনয়ন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র, ইত্যাদি) স্ক্যান করিয়া পোর্টেবল ডকুমেন্ট ফরমেট (pdf) আকারে সংযুক্ত করিবেন;

ঙ) প্রার্থী চালানের মাধ্যমে অথবা পোর্টালে রক্ষিত অনলাইন পেমেন্ট মেথড ব্যবহার করিয়া জামানত বাবদ নির্ধারিত অর্থ প্রদান করিবার পর মনোনয়ন পত্রটি দাখিল করিবেন;

- অনলাইনে মনোনয়ন পত্র দাখিলের জন্য প্রথমে রেজিস্ট্রেশন লিংকে ক্লিক করে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।
- রেজিস্ট্রেশন সফলভাবে সম্পন্ন হলে যে মোবাইল নাম্বার দিয়ে রেজিস্ট্রেশন করা হয়েছে, সেই মোবাইল নাম্বারে ইউজার আইডি এবং এককালীন পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ইউজার আইডি এবং পাসওয়ার্ড সতর্কতার সাথে সংরক্ষণ করুন।
- লগইন পেইজে প্রদত্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করুন। এরপর নতুন করে পাসওয়ার্ড রিসেট করুন এবং নতুন পাসওয়ার্ডটি সংরক্ষণ করুন।
- প্রার্থীর ড্যাশবোর্ডের বাম পাশের মেনু হতে পর্যায়ক্রমে প্রার্থীর মনোনয়ন, প্রার্থীর ব্যক্তিগত তথ্যাদি, প্রার্থীর হলফনামা, নির্বাচনী ব্যয়, সম্পদ ও দায়, প্রার্থীর ফাইল সংযুক্তিকরণ, জামানত এবং চূড়ান্ত দাখিল এর ধাপসমূহ সম্পন্ন করুন।
- সঠিকভাবে মনোনয়নপত্র দাখিল করা হলে মোবাইলে বার্তার মাধ্যমে নিশ্চিত করা হবে।
- প্রার্থীর মনোনয়নপত্র দাখিলের পর, যাচাই-বাছাইয়ের প্রতিটি স্ট্যাটাস মোবাইলে বার্তার মাধ্যমে প্রার্থীকে জানানো হবে।

অনলাইনে মনোনয়ন পত্র দাখিল করতে হলে নিম্নোক্ত ডকুমেন্টস এর স্ক্যান কপি প্রয়োজন হবে :

- প্রার্থীর সদ্য তোলা রঞ্জীন পাসপোর্ট সাইজের ছবি (jpeg/jpg ফরম্যাট)
- স্ট্যাম্প পেপারে যথাযথ স্থানে ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিকের স্বাক্ষরিত হলফনামা (প্রার্থীর মনোনয়ন সমাপ্তের পর হোম পেজ থেকে মনোনয়ন পত্র ডাউনলোড করে স্ট্যাম্প পেপারে প্রিন্ট করতে হবে, pdf ফরম্যাট)
- রাজনৈতিক দলের প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে, pdf ফরম্যাট)
- আয়কর রিটার্নের কপি, সম্পদের বিবরণী ও সর্বশেষ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র/ রশিদ।
- সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র (pdf ফরম্যাট)
- নির্বাচনী ব্যয় নির্বাহ করিবার জন্য সম্ভাব্য অর্থ প্রাপ্তির উৎস বা উৎসসমূহের বিবরণী।
- ইউটিলিটি বিল (pdf ফরম্যাট)
- ভোটার তালিকার সিডি ক্রয়ের চালান (pdf ফরম্যাট)
- জামানতের টাকা জমাদানের ট্রেজারি চালান/তফসিলি ব্যাংকের পে- অর্ডার/ ব্যাংক ড্রাস্ট।
- অন্যান্য কাগজ পত্র (pdf ফরম্যাট)
- কোন ব্যক্তি একই নির্বাচনী এলাকার জন্য একাধিক পদে মনোনয়ন পত্র দাখিল করিতে পারিবেন না।

জামানতের অর্থের পরিমাণ ও চালানের কোড নম্বর

পদের নাম	জামানত	জমাদানের কোড
চেয়ারম্যান	১,০০,০০০/-	৬/০৬০১/০০০১/৮৪৭৩
ভাইস চেয়ারম্যান	৭৫,০০০/-	অথবা ২-৮১১-৩৫০১

ভোটার তালিকার সিডি ক্রয়ের অর্থের পরিমাণ ও চালানের কোড নম্বর

উপজেলার প্রতি ইউনিয়ন এবং পৌরসভার সাধারণ ওয়ার্ড প্রতি ৫০০/- টাকা হারে যা প্রাপ্য হয় তার চালান জমা করতে হবে।	জমাদানের কোড
	১০৬-০১০১-১০০১২৫-১৪২৩২৫৩ অথবা ১/০৬০১/০০০১/২৬৩১

নির্বাচনী ব্যয়ের সীমা : চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনী ব্যয়ের সীমা ২৫,০০,০০০/- টাকা

- অনলাইনে মনোনয়নপত্র দাখিল করার পর মনোনয়নপত্র হলফনামা, নির্বাচনী ব্যয়, সম্পদ ও দায় এবং সকল সংলগ্নী কাগজপত্র, ডাউনলোড করে প্রিন্ট নিয়ে প্রার্থী কর্তৃক স্বাক্ষর পূর্বক রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট ০২ কপি A4 সাইজ কাগজে জমা প্রদান করতে হবে।